# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 JULY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) বড়ো চুক্তিকে স্বাধীন ভারতে রূপায়িত অন্যতম সফল চুক্তি বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

২) রাজ্য বিধানসভার বিরোধী নেতা দেবব্রত শইকীয়ার নেতৃত্বে আজ ৫ সদস্য বিশিষ্ট কংগ্রেসের একটি প্রতিনিধি দলের রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যের সঙ্গে সাক্ষাৎ ।

৩) ২০২৬ সালে অনুষ্ঠেয় মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় ও এম আর উত্তরপত্র ব্যবহার করার কোন পরিকল্পনা নেই বলে বিদ্যালয় শিক্ষা পর্ষদের স্পষ্টিকরণ ।

এবং

৪) বরাক উপত্যকায়ও আজ ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় উল্টো রথযাত্রা অনুষ্ঠিত ।

---------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ২০২০ সালে সম্পাদিত বড়ো চুক্তিকে স্বাধীন ভারতে রুপায়িত অন্যতম সফল শান্তি চুক্তি হিসেবে অভিহিত করেছেন । বাক্সা জেলার আবর্ত ভবনে আজ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ফলপ্রসূ রুপায়ন সম্পর্কে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হোয়ার পর সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় মুখ্যমন্ত্রী একথা বলেন । ড: শর্মা বলেন গত ৫ বছরে বিটিআর এ শান্তি ও সুস্থিরতা বজায় রয়েছে । সরকার বর্তমানে বিটিআরকে রাজ্যের মধ্যে সবথেকে উন্নত অঞ্চল হিসেবে গড়ে তোলায় গুরুত্ব আরোপ করছে বলে মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভার বিরোধী নেতা দেবব্রত শইকীয়ার নেতৃত্বে আজ ৫ সদস্য বিশিষ্ট কংগ্রেসের একটি প্রতিনিধি দল রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যর সঙ্গে সাক্ষাৎ করে ।

প্রতিনিধি দলটি সম্প্রতি রাজ্যের বিভিন্ন প্রান্তে অব্যাহত উচ্ছেদ অভিযান সম্পর্কে রাজ্যপালকে একটি স্মারকপত্র প্রদান করে । এরপর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় শ্রী শইকীয়া বলেন যে সোনাপুরের কচুতলী থেকে ধুবরী পর্যন্ত রাজ্যের বিভিন্ন প্রান্তে যেসব উচ্ছেদ চলছে তা কোন ভাবেই সমর্থনযোগ্য নয় । উচ্ছেদের ক্ষেত্রে বিচার বিভাগের নীতি-নির্দেশনা রয়েছে বলে উল্লেখ করে শ্রী শইকীয়া বলেন যে এই নীতি-নির্দেশনা সম্পূর্ণভাবে লঙ্ঘন করে উচ্ছেদ অভিযান চালানো হচ্ছে । তিনি জানান যে কংগ্রেস এই ক্ষেত্রে রাজ্যপালের হস্তক্ষেপ দাবী করেছে ।

--------------------------------------------------------------------------------

বেসরকারী ক্ষেত্রের কোম্পানী আর ই সি লিমিটেড বিশ্ব ঐতিহ্যক্ষেত্র কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের উন্নয়নের জন্য কোম্পানীর সামাজিক দায়বদ্ধতা প্রকল্পের অধীনে ৫ কোটি ৩০ লক্ষ টাকার আনুদান দিয়েছে । এই অনুদান দিয়ে ১২০টির অধিক অবৈধ শিকার বিরোধী শিবিরে সৌর শক্তি এবং পানীয় জলের সুবিধা উন্নত করা হবে । ফলে বন বিভাগের কর্মচারীদের জন্য আরো বেশী অনুকূল কাজের পরিবেশ গড়ে ওঠবে বলে আশা করা হচ্ছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা কাজিরাঙ্গার সুরক্ষা এবং সংরক্ষণের জন্য প্রদান করা এই অনুদানের জন্য কোম্পানীর ভূয়সি প্রশংসা করেছেন ।

--------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ ২০২৬ সালে অনুষ্ঠেয় মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় অ এম আর উত্তরপত্র ব্যবহারের কোনো তাৎক্ষনিক  পরিকল্পনা নেই বলে স্পষ্ট করে দিয়েছে । মাধ্যমিক পরীক্ষায় অ এম আর উত্তরপত্র ব্যবহার সম্পর্কে বিভিন্ন পক্ষ থেকে উত্থাপিত প্রশ্নের প্রতি লক্ষ্য রেখে পর্ষদের সচিব একটি বিজ্ঞপ্তী জারি করেছে । অবশ্য পর্ষদ ছাত্র ছাত্রীর দক্ষতাভিত্তিক শিক্ষা ও মূল্যায়ন সম্পর্কে প্রচেষ্টা অব্যাহত রাখবে বলে ঘোষনা করেছে ।

--------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট গৌহাটী হাই কোর্টে চারজন নতুন বিচারপতি নিযুক্তির প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । সুপ্রীম কোর্টের কলেজিয়ামের গত পয়লা জুলাই অনুষ্ঠিত বৈঠকে  প্রবীন অইনজীবি অঞ্জন কলিতা ও  রাজেশ মজুমদারকে গৌহাটী হাইকোর্টের বিচারপতি হিসেবে নিযুক্তিতে অনুমোদন জানায় ।  কলেজিয়াম  আসাম বিচার সেবার প্রবীন আধিকারিক প্রাঞ্জল দাস ও সঞ্জীব শর্মাকে গৌহাটী হাইকোর্টের বিচারপতি হিসেবে নিযুক্তিতে ও অনুমোদন জানিয়েছে ।  কেন্দ্রীয় আইন ও ন্যায় মন্ত্রনালয় এই চারজনের নিযুক্তির ক্ষেত্রে আনুষ্ঠানিকভাবে বিজ্ঞপ্তী জারি করলে তাদের নিযুক্তি কার্যকর হবে ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ উল্টো রথযাত্রা উপলক্ষে উৎসব মুখোর পরিবেশের সৃষ্টি হয় । শিলচরে ভগবান জগন্নাথ , বলভদ্র ও দেবী সুভদ্রাকে সুসজ্জিত রথে বসিয়ে বিভিন্ন মঠ ও মন্দিরের কর্মকর্তারা শহর পরিক্রমা করেন । শিলচরের ইসকন মন্দির , শ্যামসুন্দর মন্দির , নরসিং আখড়া সহ শহরে থাকা বিভিন্ন মন্দিরে আজ সকাল থেকেই না না ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয় । উল্টোরথের যাত্রার শুরুতে আয়োজিত একটি সংক্ষিপ্ত অনুষ্ঠানে অংশ নিয়ে সাংসদ কনাদ পুরকায়েস্থ বলেন যে এটি শুধুমাত্র একটি উৎসব নয় এটি আমাদের ভক্তি ও পরিচয়ের প্রতীক । তিনি প্রভূ জগন্নাথের কাছে বিশ্ব শান্তির প্রার্থনা করেন । রথযাত্রাকে ঘিরে এবারও লক্ষাধিক ভক্তের ঢল শিলচরে পরিলক্ষিত হয়েছে । শহরের প্রত্যেকটি এলাকায় ভক্তপ্রাণ মানুষকে উপস্থিত থেকে রথের দড়ি টানতে দেখা গেছে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলাতেও আজ ধর্মীয় আনন্দ উল্লাসের মধ্য দিয়ে উল্টো রথযাত্রা পালন করা হয়েছে । রথের রশি টেনে মনোকামনা পূরন করতে হাইলাকান্দির বিভিন্ন সড়কের পাশে আবাল-বৃদ্ধ বনিতা ভিড় জমিয়েছিলেন । শহরের আদি কালীবাড়ি থেকে আজ উল্টো রথ বেরিয়ে বেনেশ্বর শিব মন্দিরে পুনরায় প্রবেশ করে ।

শ্রীভূমি জেলাতেও আজ চিরাচরিত প্রথা অনুযায়ী অসংখ্য ভক্তবৃন্দের উপস্থিতিতে উল্টো রথাযাত্রা অনুষ্ঠিত হয় । ভগবান জগন্নাথের মূর্তী নিয়ে শহর পরিক্রমা করে মদনমোহন আখড়া , টাউন কালীবাড়ি , ইসকন , গাছকালীবাড়ি ইত্যাদি ধর্মীয় প্রতিষ্ঠানে আজ রথ পুনরায় প্রবেশ করে ।

---------------------------------------------------------------------------------------------

যুব প্রজন্মকে মাদক সেবনের হাত থেকে রক্ষা করতে এবং মাদক সেবনের কুফল সম্পর্কে সচেতনতা গড়ে তুলতে আজ শ্রীভূমি জেলার নিলামবাজারে একটি সচেতনতা মূলক পথনাটিকার আয়োজন করা হয় । শ্রীভূমি জেলা সমাজ কল্যাণ বিভাগের উদ্যোগে ও জেলা প্রশাসনের সহযোগিতায় নেশামুক্ত ভারত অভিযানের অধীনে মাদক সেবনের বিরুদ্ধে গণ সচেতনতা গড়ে তুলতে এই পথ নাটিকার মাধ্যমে সচেতনতা কার্যসূচির আয়োজন করা হয় । জেলা নেশামুক্তি ও পুনর্বাসন কেন্দ্রের কর্মকর্তারা পথনাটিকার মাধ্যমে এই সচেতনতা কার্যসূচি পরিচালনা করেন ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা পুলিশ আগামীকাল মহরম উপলক্ষে জেলায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার উদ্দেশ্যে আজ রোড মার্চ করে । ত্যাগ ও শোকের উৎসব মহরমে যাতে কোন ধরণের অপ্রীতিকর ঘটনা না ঘটে এবং দুষ্কৃতকারীরা যাতে আইন শৃঙ্খলা পরিস্থিতি

বিঘ্নিত করতে না পারে সেই উদ্দেশ্যে সমগ্র রাজ্যব্যাপী নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে তুলা হয়েছে । হাইলাকান্দি জেলায় এই উপলক্ষে অতিরিক্ত নিরাপত্তা বাহিনী এবং বিশেষ কামান্ডো বাহিনী মোতায়ন করা হয়েছে । মহরমকে কেন্দ্র করে সমগ্র হাইলাকান্দি জেলায় পুলিশ নজরদারি আরো শক্তিশালী করা হয়েছে । জেলা পুলিশের পক্ষ থেকে সাধারণ মানুষকে শান্তিপূর্ণভাবে উৎসব পালন করার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরের জনসাধারণ , বিদ্যালয়ের ছাত্র-ছত্রী এবং যানবাহণের স্বাভাবিক চলাচলের জন্য জেলার বিভিন্ন এলাকার সড়ক সংলগ্ন অবৈধ বাজরগুলির উচ্ছেদ অভিযান অব্যাহত রয়েছে । এই বাজারগুলির মধ্যে রয়েছে শহরের লক্ষীবাজার রোডের পি ডাব্লিউ ডি কার্যালয়ের পার্শ্ববর্তী বাজার , গোলাপজী মার্কেটের সম্মুখে থাকা বাজার ,কালীবাড়ি সংলগ্ন বাজার , ষ্টেশন রোড এবং পেট্রোলপাম্প থেকে রেলওয়ে গেট ও ঘাট লাইনের অবৈধ বাজার । আজ শ্রীভূমি জেলার অতিরিক্ত আয়ুক্ত পুলিশ বাহিনী নিয়ে শহরের গোলাপজী মার্কেট ও পৌরসভা পরিচালিত সন্তর বাজার এলাকায় অবৈধ ফুটপাত দখলদারীদের বিরুদ্ধে অভিযান চালান । শ্রীভূমি জেলার ফুটপাত দখলমুক্ত করার উদ্দেশ্যেই এই অভিযান শুরু করা হয়েছে বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শিলাপাথার এলাকায় সাংবাদিক মাধুর্য শইকিয়ার ওপর আক্রমণের ঘটনার তীব্র নিন্দা জানিয়ে ক্ষোভ প্রকাশ করেছে শিলচর ই- মিডিয়া জার্নালিষ্ট এসোসিয়েশন ও শিলচর প্রেস ক্লাব। আজ প্রেস ক্লাব সংলগ্ন এলাকায় বিক্ষোভ প্রদর্শনের মাধ্যমে এই ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ জানানো হয় । সংস্থাও ক্লাবের পক্ষ থেকে এই ঘটনার সংগে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সহ রাজ্য পুলিশ সঞ্চালকের দৃষ্টি আকর্ষন করা হয়েছে । এছাড়া সাংবাদিকদের নিরাপত্তা সুনিশ্চিত করতে কঠোর আইন প্রণয়নের ও দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রাল এবং লায়ন্স চক্ষু হাসপাতাল শিলচরের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী সোমবার বেলা ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত বদরপুর অখন্ড মন্ডলী টেনিস গ্রাউন্ড কলোনীতে বিনামূল্যে একটি চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । চোখে ছানিপড়া ইচ্ছুক দুস্থ রোগীদের ওই শিবিরে উপস্থিত থাকতে বলা হয়েছে । এতে অংশ নিতে ইচ্ছুক রোগীদের ওইদিন সকাল

৮টার পর শিবিরে উপস্থিত হয়ে ক্রমিক নম্বরের টোকেন সংগ্রহ করতে হবে । অপারেশনের জন্য নির্বাচিত রোগীদের ওইদিনই অথবা পরবর্তী নির্ধরিত দিনে শিলচরের লায়ন্স চক্ষু হাসপাতালে স্থানান্তরিত করা হবে ।

---------------------------------------------------------------------------------

প্রতিবছরের মতো এবারো শিলচর অম্বিকাপট্টির ঐতিহ্যবাহী অম্বিকেশ্বর শিব মন্দিরের ১৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী উৎসব আজ ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে পালন করে সমাপ্ত হয়েছে ।

---------------------------------------------------------------------------------